গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

নম্বর- ২৫.০০.০০০০.০১৪.৯৯.০০১.১৭- ৪১৫ তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩২ / ২০ জুলাই ২০২৫

**অফিস আদেশ**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরির লোকবল নিয়োগের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ (পিপিএ) এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ (পিপিআর) অনুযায়ী স্বচ্ছতা, জবাবদিহিতা, গ্রহণযোগ্যতা ও ন্যায্যতা নিশ্চিতকরণে নিম্নরূপভাবে "'সেবাক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ ও পরামর্শক কমিটি'" গঠন করা হলো:

| ক্রম | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-০২) | আহবায়ক |
| ২. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৩ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১৩ | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট দপ্তর সংস্থার প্রতিনিধি (৫ম গ্রেডের নিম্নে নয়) | সদস্য |
| ৫. | যুগ্মসচিব/উপসচিব, প্রশাসন অধিশাখা-০২ | সদস্য সচিব |

০২। কমিটির কার্যপরিধি-

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী সংস্থা কর্তৃক বিভিন্ন ক্যাটাগরির সেবা ক্রয়ের ক্ষেত্রে সেবা সরবারহকারী প্রতিষ্ঠান বাছাই অথবা সরাসরি লোকবল বাছাইয়ের ক্ষেত্রে পরামর্শ প্রদান ও ডাটাবেজ প্রণয়নে সহায়তা;

(খ) পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ (পিপিএ) এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ (পিপিআর) অনুসরণে সেবাক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং সেবা ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা, গ্রহণযোগ্যতা ও ন্যায্যতা নিশ্চিত করণে ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহকে দিকনির্দেশনা প্রদান;

(গ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে;

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/০৭/২০২৫
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোনঃ ৫৫১০০৭৫৮
dsadmin2@mohpw.gov.bd

নম্বর- ২৫.০০.০০০০.০১৪.৯৯.০০১.১৭- ৪১৫ তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩২ / ২০ জুলাই ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-০২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৩। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
৮। চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৯। চেয়ারম্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার।
১০। চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
১১। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৪। অফিস কপি/মাস্টার ফাইল।

২০/০৭/২০২৫
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব